# Times Today BD

রিফাত ইসলাম | ক্যাম্পাস | 18 July, 2025

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) জুলাই শহিদ দিবসের দিনে ক্যাম্পাসের বিভিন্ন স্থানে হয়েছে 'জয় বাংলা' লেখার ঘটনায় ৫ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

গত বৃহস্পতিবার (১৭ জুলাই) রাত সাড়ে ১১ টায় বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. হারুন আর রশিদ। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় ছাত্র উপদেষ্টা ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান ড. ইলিয়াছ প্রামানিককে আহ্বায়ক ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল মাহবুবকে সদস্য সচিব করে ৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, প্রক্টর ও ইলেকট্রিক্যাল ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড.ফেরদৌস রহমান, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক মাসুদ রানা এবং আইসিটি সেলের ইঞ্জিনিয়ার ও শাখা প্রধান বেলাল হোসেন। তাদেরকে আগামী ৭ দিনের মধ্যে তদন্ত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।

এর আগে গত বুধবার (১৬ জুলাই) রাত ১০ টায় বিশ্ববিদ্যালয় প্রধান ফটকে বিক্ষোভ মিছিল করে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল। এসময় ছাত্রদল আহ্বায়ক আল আমিন হোসেন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনকে ২৪ ঘন্টার আল্টিমেটাম দেন।

এছাড়াও গভীর রাতে ক্যাম্পাসের প্রধান ফটকে 'সাধারণ শিক্ষার্থী' ব্যানারেও একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

জানা গেছে, গত মঙ্গলবার (১৫ জুলাই) দিবাগত রাতে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ভবন, যাত্রী ছাউনি, লাইব্রেরীসহ ক্যাম্পাসের বিভিন্ন দেয়ালে দেয়ালে জয় বাংলা, শেখ হাসিনা ফিরবে ইত্যাদি দেয়ালে দেখা যায়।

সার্বিক বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. হারুন অর রশিদ বলেন, সিসিটিভি ফুটেজ দেখে জড়িতদের শনাক্ত করা হবে।তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:32

URL: https://timestodaybd.com/public/campus/7758074951